

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯২৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. দ্বিতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ ও তার মর্যাদা

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ لِلَّهِ مَلَائِكَةً سَيَّاحِينَ فِي الْأَرْضِ يُبَلِّغُونِي مِنْ أُمَّتِيَ السَّلَامَ» . رَوَاهُ النَّسَائِيّ والدارمي

বাংলা

৯২৪-[৬] উক্ত রাবী [আনাস (রাঃ)] থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর কিছু মালাক (ফেরেশতা) আছেন যারা পৃথিবীতে ঘুরে বেড়ান। তারা আমার উম্মাতের সালাম আমার কাছে পৌঁছান। (নাসায়ী ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ১২৮২, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ২৮৫৩, হাকিম ২/৪২১, দারিমী ২৮১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُبَلِّغُونِيْ مِنْ أُمَّتِي السَّلَامَ) আমার উম্মাতের মধ্য হতে যারা আমাকে সালাম দেয় কম হোক বেশী হোক আর যতই দূর প্রান্ত হতে হোক না কেন এবং শুনার পর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সালামের উত্তর দেন।

এ হাদীস উৎসাহিত করছে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ ও সালাম প্রেরণ এবং তাকে সম্মান করা ও তাঁর অবস্থান ও মর্যাদাকে মহিমাম্বিতকরণে যে তাঁর এ গর্বিত মর্যাদার দরুন সম্মানিত মালায়িকাহ্-কে নিয়োগ দিয়েছে।

'আল্লামা শাওকানী বলেনঃ এ হাদীসটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর বেশি বেশি দর্মদ পড়তে উৎসাহিত করছে যা বিশেষ করে যখন কোন ব্যক্তি একবার তাঁর ওপর দর্মদ প্রেরণ করে, এটি তাঁর কাছে পৌঁছে দেয়া হয় এটি যেন দর্মদ পড়ার ব্যাপারে আরো বেশি তৎপর করে তোলে।



হাসান ইবনু 'আলী ইবনু আবী ত্বালিব (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে কোন স্থান হতে তোমরা আমার নিকট দর্মদ পাঠ করো নিশ্চয় তোমাদের সে দর্মদ আমার নিকট পৌঁছে দেয়া হয়।

আনাস (রাঃ)-এর হাদীসে এসেছে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "যে আমার ওপর দর্নদ পড়ে তবে দর্নদ আমার নিকট পৌঁছে এবং আমিও তার ওপর দর্নদ পড়ি, এটা ছাড়াও আরো দশটি নেকী লেখা হয়।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন